"Working Today To Shine Tomorrow"

BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৫০০/ কমপ্লায়েন্স /বর্হিগমন চিঠি/২০২৫/২৬৪৭
০৯ এপ্রিল, ২০২৫

**অতীব জরুরী**

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে এবং কারখানা কর্তৃপক্ষ কর্তৃক শ্রম অসন্তোষ বিষয়ে কোন কার্যক্রম গ্রহণের পূর্বে বিকেএমইএ'কে অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারখানায় শ্রম আইন অনুযায়ী শ্রমিকদের সাময়িক বরখাস্ত সহ শোকজ/ছাঁটাই/টার্মিনেশন করা যদিও কর্তৃপক্ষের আইনগত অধিকার তথাপি সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু কারখানায় স্বাভাবিকের চেয়ে বেশি সংখ্যায় এই আইনগুলো প্রয়োগ করছে। এছাড়াও কারখানা লে-অফ এবং ১৩(১) ধারা (অনির্দিষ্ট কালের জন্য কারখানা বন্ধ) প্রয়োগ করছে। যার ফলশ্রুতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষে পরিস্থিতি স্বাভাবিক রাখা মাঝে মধ্যে কঠিন হয়ে পরছে এবং উক্ত ইস্যুগুলোকে কেন্দ্র করে কারখানায় দাঙ্গা-হাঙ্গামা, মারামারি, ভাংচুর ও সড়ক অবরোধ করে জানমালের ক্ষতিসহ জন জীবনকে বাধাগ্রস্থ করছে।

এমতাবস্থায়, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে যদি কোন কারখানায় স্বাভাবিক এর চেয়ে অধিক সংখ্যক শ্রমিক-কর্মচারীকে সাময়িক বরখাস্ত সহ শোকজ/ছাঁটাই/টার্মিনেশন/লে-অফ বা ১৩(১) ধারা (অনির্দিষ্ট কালের জন্য বন্ধ) প্রয়োগ করার প্রয়োজনীয়তা দেখা দেয় তাহলে বিকেএমইএ'র নিম্নলিখিত কর্মকর্তাদের সাথে তাৎক্ষনিক যোগাযোগ করার জন্য এবং বিকেএমইএ'র সম্মতি ব্যতীত কোন ধরণের পদক্ষেপ গ্রহণ না করার জন্য সকলকে সবিনয়ে অনুরোধ জানানো যাচ্ছে।

এক্ষেত্রে বিকেএমইএ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের (প্রশাসন ও আইন-শৃঙ্খলায় নিয়োজিত সংশ্লিষ্ট বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর) সাথে আলোচনার ভিত্তিতে প্রত্যেককে সম্পৃক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

| ক্রমিক নং | নাম ও পদবী | অঞ্চল | |
|---|---|---|---|
| ০১. | রঞ্জন কুমার রায়<br>যুগ্ম সচিব (কমপ্লায়েন্স এন্ড লেবার) | নারায়নগঞ্জ অঞ্চল | ০১৭১২৫৯২০৮৯ |
| ০২. | মার-আ নূল ইসলাম সভিন<br>সহকারি যুগ্ম সচিব (কমপ্লায়েন্স এন্ড লেবার) | ঢাকা অঞ্চল | ০১৭১২১৪৭৯৭৩ |
| ০৩. | মোঃ আলতাফ উদ্দিন<br>সিনিয়র যুগ্ম সচিব (প্রশাসন) | চট্টগ্রাম অঞ্চল | ০১৮১৯১৭২৮৬৪ |

উক্ত বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে,

মোঃ মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত), বিকেএমইএ

**Head Office :** BKMEA Bhaban, 53, 54 Nawab Salimullah Road, Chashara, Narayanganj-1400, Bangladesh.
Phone : +880 2 224431857, 224435535, 7641295, Fax : +880 2 7630609
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Bangla Motor, Dhaka-1000, Bangladesh.
Phone : +880 2 223362257, 58615910, 58615964, 223360498, Fax : +880 2 9677337
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.
Phone : +88 02 333324342, +88 02 333324345, +88 031724726, Fax : +88 02 333324345
E-mail : info@bkmea.com, bkmea@bangla.net, bkmeactg@bbts.net Log on : www.bkmea.com